

# ধর্ম ও রাষ্ট্র

বার্নাবাস সুবীর কোড়াইয়া

অধ্যক্ষ, সেন্ট জেভিয়ারস্ স্কুল, গুলশান, ঢাকা-১২১২

ধর্ম সৃষ্টিকর্তার অনুপ্রেরণায় মানুষের সৃষ্টি। ধর্ম মানব জাতিকে পরিচালিত করে। ধর্মের কোন স্থান বা আয়তন নাই কিন্তু অদৃশ্য হলে ও এর অনেক শক্তি। ধর্ম তার নিজ গতিতে চলে। বিভিন্ন ধর্ম ভিন্ন ভিন্ন সময়ে প্রবর্তিত হয়েছে। অপর দিকে রাষ্ট্র রাজনৈতিক ভাবে স্থান, আয়তন ও মানব গোষ্ঠি নিয়ে রাষ্ট্রের সৃষ্টি। প্রধান কয়েকটি ধর্মের উৎপত্তি সম্পর্কে জানা যায় যে, অতি প্রাচীন কালে সনাতন ধর্মের সৃষ্টি হয়েছে। খ্রীষ্টপূর্ব ৫২৪ অব্দে গৌতম বৌদ্ধ বিলাসী জীবন ত্যাগ করে সন্ন্যাসী হয়ে বৌদ্ধ ধর্ম প্রবর্তন করেন।

বর্তমান সময় হতে দুই হাজার বছর পূর্বে মানব জাতির কল্যাণে ঈশ্বর তার নিজ পুত্র যীশু খ্রীষ্টকে প্রেরণ করে খ্রীষ্টান ধর্মের উৎপত্তি করেন। যীশুর জন্মের ৫৭০ বছর পর হযরত মুহাম্মাদের জন্ম। তিনি দীর্ঘ সময় হেরা পর্বতে ধ্যান সাধনা করে আল্লাহর সান্নিধ্যে থাকার পর মুসলমান ধর্ম প্রবর্তন করেন। প্রত্যেকটি ধর্ম মহৎ ও তাৎপর্য পূর্ণ। কোন ধর্মকেই ছোট করে দেখার যুক্তি নাই। ধর্ম পালনে সব মানবই স্বাধীন। ধর্মকে ব্যক্তি বা রাজনৈতিক স্বার্থে ব্যবহার করা সমীচীন নয়। ১২শ শতাব্দীতে প্রথম মুসলমান ইখতার উদ্দিন মোহাম্মদ বিন বখতীয়ার খল্জী ভারত বর্ষে আগমন করে মুসলমান ধর্ম প্রচার করেন। ১৬শ শতাব্দীতে পর্তুগীস ধর্মযাজক ভাসকোদা গামা ভারত বর্ষে প্রথম খ্রীষ্ট ধর্ম প্রচার করেন। ধর্ম, রাষ্ট্র, রাষ্ট্র ধর্ম সম্পূর্ণ আলাদা। ধর্ম ব্যক্তি গত রাষ্ট্র সার্বজনীন। ধর্ম দিয়ে রাষ্ট্র চলতে পারে না। রাষ্ট্র ধর্মকে ব্যবহার করলে সেই রাষ্ট্র দীর্ঘস্থায়ী হয় না। সর্ব উত্তম হল মানব ধর্ম, যে ধর্মের দ্বারা সারা পৃথিবী চলতে পারে না। মানব ধর্ম সকল মানুষকে এক হতে, একই মূল্যবোধে চলতে শিক্ষা দেয়, একই প্লাটফর্মে থাকতে সহায়তা করে। মানব ধর্মে কোন বাদা নেই নির্দিষ্ট স্থান নেই, কোন প্রকার ভেদাভেদ নেই, আছে শুধু অপরের মঙ্গল কামনা। ৩১১ সালে কনস্টান্টাইন রোমে রোমান ধর্ম বাতিল করে, পরবর্তীতে জুলিয়ান ৩৬১-৩৬৩ রোমান ধর্ম পুন: প্রবর্তন করেন। ৩৯২ খ্রীষ্টাব্দে থিওডোসিয়াস খ্রীষ্ট ধর্মকে রোমে রাষ্ট্র ধর্ম করেন, যা ছিল কনফুসিয়ানবাদ। ১৯৮৮ সালে সাবেক রাষ্ট্রপতি হোসেন মোহাম্মদ এরশাদ বাংলাদেশের রাষ্ট্র ধর্ম করেন ইসলাম। বর্তমান সময়ে কয়েকটি দেশের রাষ্ট্রধর্ম সম্বন্ধে বলা হল। কাথলিক রাষ্ট্র: বর্তমান বিশ্বে মোট ১০ টি কাথলিক রাষ্ট্র রয়েছে। আর্জেন্টিনা, মাল্টা, ভাতিকান, কোস্টারিকা, ভলিভিয়া, সোনাকো, লিথেরস্টাটন, সুইজারল্যান্ড, ক্যান্টন ও হাইতী। ইস্টার্ন অর্থডক্স রাষ্ট্র ৩ টি: গ্রীস, সাইপ্রাস, ফিনল্যান্ড। লুথেরান চার্চ ৩ টি: আইসল্যান্ড, ডেনমার্ক, নরওয়ে। রিফর্মড চার্চ ১টি: ক্যান্টন। চার্চ অব ইংল্যান্ড ১টি: ইংল্যান্ড। সুন্নি মুসলিম রাষ্ট্র ১৯ টি: আরব আমিরাতে, ইরাক, ওমান, কাতার, কুয়েত, জর্ডান, বাহরান, সৌদি আরব, ইয়েম্যান, আলজেরিয়া, তিউনিসিয়া, মারটানিয়া, মরোক্কো, লিবিয়া, সোমালিয়া, ক্রুনই, আফগানিস্তান, মালদ্বীপ, পাকিস্তান, বাংলাদেশ। শিয়া মুসলিম রাষ্ট্র ১ টি: ইরান। বৌদ্ধ রাষ্ট্র ৬ টি: কম্বোডিয়া, কালমাইকিয়া, তিব্বত, থাইল্যান্ড, ভুটান, শ্রীলংকা।

রাষ্ট্র ধর্ম হিসাবে স্বীকৃতি দিতে রাজী নয়; অস্ট্রেলিয়া, ইস্রায়েল, কানাডা, জাপান, তুরস্ক, দক্ষিণ কোরিয়া, নেপাল, ফিলিপিন, ফ্রান্স, ভারত, সিংগাপুর, রোমানিয়া, নিউজিল্যান্ড।

ইসলাম ধর্মের প্রবর্তক হযরত মোহাম্মদ, ধর্মগ্রন্থ আল কোরান, প্রার্থনালয় মসজিদ মোট মুসলিম এক শত কোটি। হিন্দু ধর্মের প্রবর্তক একক কেউ নন, ধর্মগ্রন্থ বেদ/গীতা, প্রার্থনালয় মন্দির, মোট হিন্দু প্রায় একশত কোটি, বৌদ্ধ ধর্মের প্রবর্তক গৌতম বৌদ্ধ, ধর্মগ্রন্থ ত্রিপিটক, প্রার্থনালয় মঠ, মোট জন সংখ্যা প্রায় ৭০ কোটি। খ্রীষ্টান ধর্মের প্রবর্তক যীশু খ্রীষ্ট, ধর্মগ্রন্থ বাইবেল, প্রার্থনালয় গীর্জা, জনসংখ্যা মোট প্রায় ১২৫ কোটি কোটি, শিখ ধর্মের প্রবর্তক গুরুনায়ক, ধর্মগ্রন্থ গুরুসাহেব, প্রার্থনালয় গুরুদায়রা, মোট জনসংখ্যা জানা নাই। ইহুদী ধর্মের প্রবর্তক মোসা, ধর্মগ্রন্থের নাম তৌরাত, প্রার্থনালয় সিনাগাগ, মোট জনসংখ্যা প্রায় ১ কোটি ৫০ লাখ। জৈন ধর্মের প্রবর্তক মহাবীর, ধর্মগ্রন্থ দ্বিদ্ধান্ত, প্রার্থনালয় প্রাগোডা, জনগন জানা নাই। ইহা ছাড়াও আরো ধর্ম আছে, পৃথিবীতে ৬০০ কোটির উপরে মানুষ আছে। ধর্মে ভিন্ন জাতিতে পরিচয় সবাই মানুষ। ৬০০ কোটি মানুষের যদি মানব ধর্ম থাকে তাহলে কোন প্রকার অশান্তি, অমিল, অরাজগতা, অস্বচ্ছতা, অপকর্মা, অহমিকা, অপরিপক্বতা, অলসতা, অন্যায়া ও অবিচার থাকবে না। রাষ্ট্র ও ধর্ম সম্পূর্ণ আলাদা, একে কোন ভাবেই এক করে দেখা ঠিক না। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় সকল ধর্মের মানুষ যুদ্ধ করে স্বাধীনতা অর্জন করেছে। কোন নির্দিষ্ট ধর্মের মানুষ যুদ্ধে অংশ গ্রহন করে নাই। ধর্ম ধর্মের গতিতে চলবে। রাষ্ট্র রাষ্ট্রের গতিতে চলবে। দুটির লক্ষ্যই হল মানব জাতির কল্যাণ করা। লক্ষ্য এক গতি ভিন্ন। ধর্ম ও রাষ্ট্র কোন দিনই এক হতে পারে না। ধর্ম দ্বারা রাষ্ট্র পরিচালিত হতে পারে না কিন্তু ধর্মীয় মূল্যবোধ গ্রহণ করা ও ধর্ম দ্বারা রাষ্ট্র পরিচালনা করা এক নয়। সাধারণ একটি সমীকরণের মাধ্যমে বলা যায়, আমরা সকল মানুষ এক, কর্ম এক, নীতি এক, দেহ, মন, আত্মা এক, ধর্ম এক, যে ধর্ম হল মানব ধর্ম। MANDIR =6 Letters, MASQUE = 6 Letters, CHURCH =6 Letter, QURAN= 5 Letters, BIBLE = 5 Letters, GEETA = 5 Letters, so, 6-5=1, They all say same, God is one.